

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
কক্সবাজার।
www.coxsbazar.gov.bd

স্মারক নং : ০৫.২০.২২০০.১০১.০৬.০১৩.২০২৫.২৭৯

তারিখ : ৩১-০৮-২০২৬খ্রি:

সার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

“সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা- ২০২৬” এর আলোকে কক্সবাজার জেলায় রপ্তানী জরুরী প্রয়োজনে প্রতি ইউনিয়ন / পৌরসভায় ০১ (এক) জন করে সার ডিলার নিয়োগের জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	উপজেলার নাম	ইউনিয়ন ও পৌরসভার সংখ্যা	ইউনিয়ন ও পৌরসভার নাম
১	চকরিয়া	১৪টি ১টি	বদুবিলাহড়ি, সুরাজপুর মানিকপুর, ভূলাহাজারা, মালুমখাট, ফাঁসিয়াখালী, কৈয়ারবিল, লক্ষ্যারচর, কাকারা, হারবাং, উত্তর হারবাং, চিরিংগা, বরইতলী, পহরচান, খুটখালী ও চকরিয়া পৌরসভা।
২	মাতামুহুরী	৭টি	পশ্চিম বড় ভেওলা, চেমুশিয়া, কোনাখালী, পূর্ব বড় ভেওলা, বি.এম.চর, সাহারবিল ও বদরখালী,
৩	পেকুয়া	৭টি ১টি	পেকুয়া সদর, টেইটং, মগনা, রাজাখালী, শীলখালী, উজানটিয়া ও বারবাতিয়া ও পেকুয়া পৌরসভা।
৪	রামু	১১টি	গর্জনীয়া, রশিদ নগর, ঈদগড়, ফতেখারকুল, রাজারকুল, চাকমারকুল, খুনিয়াপালাং, জোয়ারিয়ানালা, কছপিয়া, দক্ষিণ মিঠাছড়ি ও কাউয়ারখোপ
৫	সদর	৫টি ১টি	ইসলামাবাদ, ভারুয়াখালী, পিএমখালী, খুরশকুল, ফিলংজা ও কক্সবাজার পৌরসভা।
৬	ঈদগাঁও	৫টি	ইসলামপুর, পোকখালী, ঈদগাঁও, জালালাবাদ ও চৌফলনদী
৭	উখিয়া	৫টি	জালাপালাং, রত্নাপালাং, হুদদিয়াপালাং, রাজাপালাং ও পালাংখালী
৮	টেকনাফ	৬টি ১টি	টেকনাফ সদর, সাবরাং, শামলাপুর, সেন্টমার্টিন, শ্রীলা, হোয়াইকাং ও টেকনাফ পৌরসভা।
৯	মহেশখালী	৮টি ১টি	কুতুবজোম, বড় মহেশখালী, হোয়ানক, কালারমারহুড়া, মাতারবাড়ি, ধলঘাটা, শাপলাপুর, ছোট মহেশখালী ও মহেশখালী পৌরসভা।
১০	কুতুবদিয়া	৬টি	উত্তর দুকুং, দক্ষিণ দুকুং, লেমশীখালী, কৈয়ারবিল, বড়খোপ ও আলী আকবর ভেইল

শর্তাবলী :

- (ক) “সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৬” এর পরিশিষ্ট-১ এ প্রদত্ত নমুনা ছক অনুযায়ী আবেদন করতে হবে।
(খ) আবেদনকারীদের “সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৬” বর্ণিত শর্ত পূরণ সাপেক্ষে আবেদন করতে হবে।

(গ) যোগ্যতা :

- আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়নের উপজেলা/পৌরসভা/সিটি কর্পোরেশনের বাসিন্দা হতে হবে ও এর প্রমাণক হিসেবে জাতীয় পরিচয়পত্র এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র বা প্রশাসক/সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট ওয়ার্ড কমিশনার অথবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে;
- নিজ মালিকানা অথবা ভাড়া সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট কার্য এলাকায় (ডিলার ইউনিটে) ন্যূনতম ২৫ মে.টন ধারণ ক্ষমতা সম্পন্ন গুদাম থাকতে হবে; তবে শর্ত থাকে যে, যাবারের দোকান/রেস্টুরেন্ট, গো-খানা, মাছের খবার, সবজি দোকানের সঙ্গে সার গুদাম করা যাবে না এবং একইভাবে সারের গুদামে বীজ সংরক্ষণ করা যাবে না;
- ব্যক্তিগত সার যথাযথভাবে সংরক্ষণের জন্য গুদামের ভিত্তি স্বাভাবিক বন্যাসীমার চেয়ে উচ্চ ও পাকা থাকতে হবে;
- আবেদনকারীকে আর্থিকভাবে সচ্ছল হতে হবে এবং আর্থিক সচ্ছলতার প্রমাণক হিসেবে কমপক্ষে ০৫.০০ (পাঁচ) লক্ষ টাকার ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ থাকতে হবে;
- ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত ট্রেড লাইসেন্স থাকতে হবে;
- আবেদনকারীর বয়স ন্যূনতম ১৮ (আঠারো) বছর হতে হবে;
- আবেদনকারীকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ ও চলাচল সক্ষম হতে হবে; এবং
- আবেদনকারীর টিআইএন থাকতে হবে।

(ঘ) অযোগ্যতা :

- ইতিপূর্বে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে কারও সার ডিলারশিপ বাতিল হয়ে থাকলে তিনি আবেদনের অযোগ্য হবেন। পাশাপাশি ইতিপূর্বে ব্যবসায় অসদাচরণ/কোনো ফৌজদারি বা অন্য কোনো আইনে দণ্ডপ্রাপ্ত হয়ে থাকলে তিনি ডিলারশিপ আবেদনের জন্য অযোগ্য হবেন। তবে ফৌজদারি অপরাধে দণ্ডপ্রাপ্ত ব্যক্তি সাজাজোপের ২ (দুই) বছর পর আবেদন করতে পারবেন;
- কোন বিবিধ সরকারি/ আধাসরকারি/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/ পাবলিক বিশ্ববিদ্যালয়/ এমপিওভুক্ত প্রতিষ্ঠানের কর্মচারী বা জনপ্রতিনিধি ডিলার হতে/ থাকতে পারবেন না;
- সার ডিলার নিয়োগের ক্ষেত্রে একই পরিবারের একজনের ডিলারশিপ বা যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত খুচরা বিক্রেতার আইডি কার্ড থাকলে পরিবারের অপর কেউ ডিলারশিপের/খুচরা বিক্রেতার আইডি কার্ডের জন্য আবেদন করতে বা ডিলার বা খুচরা বিক্রেতা হতে পারবেন না। এক্ষেত্রে পরিবারের সদস্য বলতে পিতা, মাতা, স্বামী/স্ত্রী, পুত্র, পুত্রের বধূ, পুত্রের পুত্র ও তাদের স্ত্রী, অবিবাহিত কন্যা ও নির্ভরশীল ভাই ও বোন যারা এক খানায় খাদ্য গ্রহণ করে তাদের বুকানো হয়েছে।

(ঙ) সারের ডিলারশিপের জন্য আবেদনপত্র জমাদানের শর্ত ও প্রয়োজনীয় কাগজপত্র :

- আবেদনকারীকে নির্ধারিত ছকে (পরিশিষ্ট-০১) আবেদন প্রস্তুত করে তার প্রতিষ্ঠানের নিজস্ব লেটার প্যাতে পরিচায়ক পত্র (Cover Letter) সহ আবেদন দাখিল করতে হবে।
- আবেদনপত্রের সঙ্গে নিম্নবর্ণিত দলিলাদি/কাগজপত্র জমা দিতে হবে:
(i) জাতীয় পরিচয়পত্র ও স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত নাগরিকত্ব সনদ;
(ii) সাম্প্রতিক তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজ ছবি;
(iii) হালনাগাদ ট্রেড লাইসেন্স;
(iv) দোকান ও গুদামের পরিমাপের বর্ণনাসহ মালিকানা/ভাড়ার চুক্তিনামার কপি;
(v) আর্থিক সচ্ছলতার প্রমাণক হিসেবে কমপক্ষে ৫.০ (পাঁচ) লক্ষ টাকার ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ;
(vi) আবেদনকারী কর্তৃক স্বাক্ষরিত এবং স্থানীয় জনপ্রতিনিধি কর্তৃক প্রত্যায়িত পরিবারের সদস্যদের পেশাসহ (পিতা, মাতা, পুত্র, অবিবাহিত কন্যা এবং নির্ভরশীল ভাই ও বোন) তালিকা এবং
(vii) হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের সনদ।
- আবেদনপত্রের সঙ্গে আবেদন ফি বাবদ অফেরতযোগ্য ২০০০/- (দুই হাজার) টাকার পোষ্টাল অর্ডার/পে-অর্ডার/ভিমাড ড্রাফট জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভাপতি বরাবর জমা দিতে হবে।
- একই সঙ্গে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি বরাবর আনেষ্টিম্যানি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকার পে-অর্ডার/ভিমাড ড্রাফট (ফেরতযোগ্য) সংযোজন করতে হবে। আবেদনপত্র যাচাইকালে কোনোত্রুপ তথ্যগত বা দালিলিক অসত্যতা অথবা সংযুক্ত কাগজপত্র নকল বা জাল প্রমাণিত হলে উক্ত আবেদনপত্র বাতিল ঘোষণা করা হবে এবং আনেষ্টিম্যানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ভিমাড ড্রাফট বাজেয়াপ্ত হবে। ফলাফল প্রকাশের পর জেলা প্রশাসক অনিবার্চিত আবেদনকারীদের আনেষ্টিম্যানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ভিমাড ড্রাফট ১০(দশ) কর্মদিবসের মধ্যে ফেরত প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন। নির্ধারিত আবেদনকারীর আনেষ্টিম্যানি ডিলার নিয়োগের চুক্তি স্বাক্ষরের পর ফেরত প্রদান করা হবে।

(চ) আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ও স্থান :

- ১০ -০৯-২০২৬ খ্রিঃ তারিখ, বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত;
- উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, কক্সবাজার।

কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করাসহ এই বিজ্ঞপ্তি বাতিলের সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

মোঃ আঃ মান্নান
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি